গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সামাজিক নিরাপত্তা অধিশাখা
www.cabinet.gov.bd

**বিষয়: সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি (সিএমসি)-র ১৭তম সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ মাহবুব হোসেন, মন্ত্রিপরিষদ সচিব
সভার তারিখ : ০৫ এপ্রিল ২০২৩
সময়: বিকাল ০২:০০ ঘটিকা
সভার স্থান: মন্ত্রিপরিষদ কক্ষ, কক্ষ নং-৩০৪, ভবন নং-১, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাংলাদেশ সরকারের অন্যতম অগ্রাধিকারপ্রাপ্ত কর্মসূচিসমূহের একটি। দেশে বিভিন্ন ধরনের সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। প্রতিবছর এ খাতে বাজেটের বড় অংশ বরাদ্দ রাখা হয় যা আমাদের দেশের মানুষের ক্ষুধা ও দারিদ্র্য বিমোচনে ভূমিকা রাখছে। সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগসমূহের সমন্বয়কে আরো জোরদার করার লক্ষ্যে সকলে আন্তরিকতার সাথে কাজ করবেন মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব জনাব মোহাম্মদ খালেদ হাসান সভার আলোচ্যসূচি পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয়-১: বিগত সভার কার্যবিবরণ দৃঢ়ীকরণ।**

২। ১৬তম সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন বা পরিমার্জন থাকলে তা উপস্থাপনের জন্য উপস্থিত সদস্যগণকে আহবান করা হয়। কিন্তু এতে কোন প্রস্তাব না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য বিষয়-২: বিগত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।**

৩। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ এবং সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরা হয়। যা নিম্নরূপ:

| সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| ১) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS)-এর কর্মপরিকল্পনা উপকমিটি কর্তৃক উপস্থাপিত জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-এর ২য় পর্যায়ের কর্মপরিকল্পনা (২০২১-২০২৬) সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-এর ২য় পর্যায়ের কর্মপরিকল্পনা (২০২১-২০২৬) সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়েছে। |
| ২) অনুমোদিত কর্মপরিকল্পনাটিতে কোন মুদ্রণ ও করণিক ত্রুটি পরিলক্ষিত হলে তা আগামী ৭ দিনের মধ্যে মন্ত্রণালয়/বিভাগসমূহ মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে মর্মে অনুরোধ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ প্রাপ্ত প্রস্তাবসমূহ পর্যালোচনাপূর্বক এটি পরিমার্জনের ব্যবস্থা করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত মতামতসমূহ পর্যালোচনাপূর্বক কর্মপরিকল্পনা (২০২১-২০২৬)-পরিমার্জন করা হয়েছে। |
| ৩) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল এর ২য় পর্যায়ের কর্মপরিকল্পনা (২০২১-২০২৬)-এর এক্সিকিউটিভ সামারি অংশে বুলেট আকারে কর্মপরিকল্পনাটির মূল | কর্মপরিকল্পনার (২০২১-২০২৬) এক্সিকিউটিভ সামারি অংশে বুলেট আকারে কর্মপরিকল্পনাটির মূল লক্ষ্য এবং কোভিড-১৯ সংক্রান্ত কার্যক্রম উল্লেখ করা হয়েছে। |

| | |
|---|---|
| লক্ষ্য এবং কোভিড-১৯ সংক্রান্ত কার্যক্রম যথাযথভাবে উল্লেখ করতে হবে। | |
| ৪) আগামী এক মাসের মধ্যে চূড়ান্ত কর্মপরিকল্পনাটির মূদ্রণ কাজ সমাপ্তকরণ এবং এটির উদ্বোধনী অনুষ্ঠান আয়োজনের জন্য সামাজিক নিরাপত্তা অধিশাখা এবং এসএসপিএস প্রকল্প-এর প্রকল্প পরিচালককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল। | এসএসপিএস প্রকল্প-এর সহযোগিতায় চূড়ান্ত কর্মপরিকল্পনাটির মুদ্রণ কাজ সমাপ্তকরণ এবং মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে এটির উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে সকল বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের সচিব, উর্ধ্বতন কর্মকর্তা, অধিদপ্তরসমূহের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, উন্নয়ন সহযোগী সংস্থা এনজিও ও সুশীল সমাজের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। |

**আলোচ্যসূচি ৩- অক্টোবর ২০২২-এ অনুষ্ঠিত জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) এর কর্মপরিকল্পনা (২০২১-২৬) ২য় পর্যায় Dissemination অনুষ্ঠান সম্পর্কে আলোচনা;**

৪। জনাব মোহাম্মদ খালেদ হাসান, যুগ্নসচিব, সিভিল রেজিস্ট্রেশন ও সামাজিক নিরাপত্তা, মন্ত্রিপরিষদ বিভাগ সভায় অবহিত করেন যে, জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-এর চূড়ান্ত কর্মপরিকল্পনাটি গত ২৩ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির ১৬তম সভায় অনুমোদিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক এটি অনুমোদনের পর কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে কর্মপরিকল্পনাটি সংশোধনপূর্বক মুদ্রণ কার্য সমাপ্ত করে ৬ অক্টোবর ও ১০-১৩ অক্টোবর ২০২২ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে ৩৯টি মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের উপস্থিতিতে এর Dissemination ও মন্ত্রণালয়ভিত্তিক অগ্রগতি পর্যালোচনা অনুষ্ঠিত হয়। এ সম্পর্কিত একটি প্রতিবেদন প্রস্তুতপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এ ধরণের বৃহৎ ও সামগ্রিক Dissemination অনুষ্ঠান আয়োজন করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

**আলোচ্যসূচি ৪- Single Registry MIS এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থপনা বিভাগ প্রনীত ন্যাশনাল হাউজ হোল্ড ডাটাবেজ (এনএইচডি) সম্পর্কে আলোচনা**

৫। সভায় অবহিত করা হয় যে, বাংলাদেশের সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের সমন্বিত ব্যবস্থাপনার লক্ষ্যে একটি Single Registry MIS তৈরির জন্য জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলে সুপারিশ রয়েছে। এ ধরনের MIS-এ দেশের নাগরিকগণের পরিচয়, হাউজহোল্ড ডাটাবেজ, প্রোগ্রাম MIS এবং ফিসকাল MIS ইত্যাদি একটি একক প্ল্যাটফর্মে সন্বিবেশিত করা হয়। Single Registry MIS সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহের দক্ষ ব্যবস্থাপনা এবং সুবিধাভোগীর দ্বৈততা পরিহারে কার্যকর ভূমিকা পালন করে।

৬। অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ বলেন যে, SPBMU নামক অর্থ বিভাগ কর্তৃক একটি প্ল্যাটফর্ম প্রস্তুত করা হয়েছে যার মাধ্যমে সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমুহের তথ্য ব্যবস্থাপনা এবং ডিজিটাল পদ্ধতিতে ভাতা বিতরণ কার্যক্রম সম্পাদন করা সম্ভব হচ্ছে। এটি বর্তমানে বাংলাদেশের সামাজিক নিরাপত্তা কার্যক্রমের সিঙ্গেল রেজিস্ট্রি MIS হিসাবে ব্যবহৃত হয়ে আসছে। তবে এই প্ল্যাটফর্ম-এর সঙ্গে ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেজ (NHD)-এর সংযোগ স্থাপন করা সম্ভব হয়নি। NHD এবং SPBMU একত্রীকরণের মাধ্যমে একটি পূর্নাঙ্গ সিঙ্গেল রেজিস্ট্রি MIS স্থাপন করা অতি প্রয়োজন।.

৭। সচিব, তথ্য ও পরিসংখ্যান বিভাগ (SID) জানান যে, NHD ডাটা সংগ্রহ এবং প্রক্রিয়াকরণ পুরো বিষয়টি ছিলো একটি প্রকল্প ভিত্তিক কার্যক্রম যার অন্যতম অংশীদার ছিলো দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় । এক্ষেত্রে ডাটা সংগ্রহ এবং প্রক্রিয়াকরণের দায়িত্ব দুটি মন্ত্রণালয়ের সমন্বিত কার্যক্রম হলেও ইতিমধ্যে একটি প্রকল্পের মেয়াদ শেষ হয়েছে যার ফলে SID কর্তৃক প্রস্তুতকৃত NHD ডাটা ব্যবহারের জন্য পুরোপুরি প্রস্তুতকরণ সম্ভব হয়নি। এছাড়া

সংগৃহীত সকল NHD ডাটা এরই মধ্যে পাঁচ বছরের অধিক সময় পার করে ফেলেছে, ফলশ্রুতিতে এ সকল ডাটা ব্যবহার উপযোগী নয়। তিনি উল্লেখ করেন যে NHD ডাটা একটি চলমান প্রক্রিয়া এবং এটি ধারাবাহিকভাবে সম্পন্ন করতে হয় যা প্রকল্প ভিত্তিক উদ্যোগের মাধ্যমে বাস্তবায়ন করা সম্ভব নয়। এজন্যে সরকার কর্তৃক একটি টেকসই এবং স্থায়ী কর্মপদ্ধতি বাস্তবায়ন প্রক্রিয়া প্রতিষ্ঠা করা প্রয়োজন।

৮। সভাপতি বলেন যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত সিঙ্গেল রেজিস্ট্রি MIS প্রতিষ্ঠার লক্ষ্যে করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহকে নিয়ে যথাশীঘ্র একটি সভা আয়োজন করা হবে। তিনি উল্লেখ করেন যে, প্রতিটি মন্ত্রণালয়কে সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতা প্রদানের ক্ষেত্রে আবশ্যিক ভাবে উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র অন্তর্ভুক্ত করতে হবে, যে সকল মন্ত্রণালয় এখনো ভাতা প্রদানের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র ব্যবহার করেনি তাদেরকে অবিলম্বে উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হয়।

৯। সভাপতি উল্লেখ করেন যে, ৯০ এবং ১০০ এর অধিক বয়সী জনগোষ্ঠির একটি ডাটাবেজ প্রস্তুত এবং এ জনগোষ্ঠির জন্যে একটি বিশেষ ধরনের প্রনোদনা/ভাতা প্রদানের সম্ভাব্যতা যাচাই বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহকে অনুরোধ করেন। এ ছাড়া তিনি জানান যে, সামাজিক নিরাপত্তা উপকারভোগীদের মধ্যে যে সকল ব্যক্তি দারিদ্র্য সীমা থেকে উত্তরণ করেছেন, তাদের পরিবর্তে নতুন উপকারভোগী প্রতিস্থাপন করতে হবে যাতে পর্যায়ক্রমে কাংখিত সকল উপকারভোগীকে সামাজিক নিরাপত্তার আওতায় নিয়ে আসা সম্ভব হয়।

**আলোচ্যসূচি ৫- সামাজিক নিরাপত্তার পরিবীক্ষণ ও মূল্যায়ন (M&E) কাঠামো উন্নয়ন এবং NSSS M&E Dashboard প্রস্তুতির অগ্রগতি বিষয়ে অবহিতকরণ।**

১০। সভায় উপস্থাপন করা হয় যে, সামাজিক নিরাপত্তা ব্যবস্থার দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধির লক্ষ্যে NSSS-এ যুগোপযোগী একটি পরিবীক্ষণ ও মূল্যায়ন (M&E) কাঠামো উন্নয়নের সুপারিশ রয়েছে। এ ছাড়া, কর্মপরিকল্পনায় সামাজিক নিরাপত্তা কার্যক্রমের পরিবীক্ষণ ও মূল্যায়ন (M&E) যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে পাঁচটি টুল ব্যবহারের কথা উল্লেখ রয়েছে যথা: কোর ডায়াগনিস্টিক ইন্সট্রুমেন্ট (CODI), অ্যানুয়াল পারফর্মেন্স এগ্রিমেন্ট (APA), মন্ত্রণালয়সমূহের পরিবীক্ষণ ও মূল্যায়ন (M&E), সিঙ্গেল রেজিস্ট্রি MIS, এবং NSSS ড্যাশবোর্ড। তিনি উল্লেখ করেন যে, CODI এর মাধ্যমে এ পর্যন্ত তিনবার সামাজিক নিরাপত্তা কার্যক্রম মূল্যায়ন সম্পন্ন করা হয়েছে এবং কর্মপরিকল্পনার বৃহৎ কার্যক্রমসমূহ যাতে APAতে প্রতিফলিত হয় সে লক্ষ্যে এ বিভাগে পর্যবেক্ষণের ব্যবস্থা রয়েছে।

১১। সদস্য (সচিব), সাধারন অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন জানান যে, যদিও প্রতিটি মন্ত্রণালয়ের নিজস্ব M&E ব্যবস্থা রয়েছে কিন্তু সামাজিক নিরাপত্তার M&E ব্যবস্থা আরও উন্নত করার লক্ষ্যে একটি ড্যাশবোর্ড প্রস্তুতির কার্যক্রম চলমান আছে। এছাড়া সামাজিক নিরাপত্তা ব্যবস্থার দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধির লক্ষ্যে M&E কমিটি দায়িত্ব পালন করে যাচ্ছে।

**আলোচ্যসূচি ৬- Thematic Cluster সমূহের কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ;**

১২। সভায় অবহিত করা হয় যে, সামাজিক নিরাপত্তা কার্যক্রম সমন্বয় ব্যবস্থা উন্নয়নের অংশ হিসেবে NSSS-এর আলোকে পাঁচটি থিমেটিক ক্লাস্টার গঠন করা হয়েছে। এ থিমেটিক ক্লাস্টারসমূহের মূল দায়িত্ব হচ্ছে সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহের সমন্বয় এবং সম্ভাব্য দ্বিত্বতা এড়ানোর লক্ষ্যে নিয়মিত সভা/কর্মশালা আয়োজন এবং কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করা। অতঃপর বিভিন্ন থিমেটিক ক্লাস্টারসমূহের সমন্বয়ক মন্ত্রণালয়/বিভাগসমূহ যথাক্রমে সমাজকল্যাণ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়,

দুর্যোগ ও ত্রাণ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের সচিবগণ তাঁদের স্ব স্ব ক্লাস্টারের কার্যক্রম অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন। নিয়মিতভাবে থিমেটিক ক্লাস্টারসমূহের সভা আয়োজন অব্যাহত রাখার জন্য সভাপতি সকলকে অনুরোধ করেন।

**আলোচ্যসূচি ৭- বিবিধ**

১৩। সভায় বাংলাদেশ সামাজিক নিরাপত্তা সম্মেলন এবং নলেজ ফেয়ার ২০২৩ সম্পর্কে আলোচনা করা হয়। সভায় অবহিত করা হয় যে, সম্মেলনে ৩৯ টি মন্ত্রণালয়/বিভাগ, সংশ্লিষ্ট অধিদপ্তরসমূহের কর্মকর্তাগণ, উন্নয়ন সংস্থা, এনজিও এবং একাডেমিশিয়ানদের অংশগ্রহণে বাংলাদেশ সামাজিক নিরাপত্তা সম্মেলন এবং নলেজ ফেয়ার ২০২৩ আয়োজন করা যেতে পারে। এ সম্মেলনে ৩৯ টি মন্ত্রণালয়/বিভাগের কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি, বাংলাদেশের উল্লেখযোগ্য এবং সফল সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহ এবং সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক প্রকাশিত বিভিন্ন গবেষণাপত্রের সংকলন নিয়ে একটি নলেজ ফেয়ার আয়োজন করা যেতে পারে।

১৪। প্রস্তাবিত সামাজিক নিরাপত্তা সম্মেলন এবং নলেজ ফেয়ারটি এবছর জুলাই মাসের শেষ সপ্তাহ অথবা সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে আয়োজনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি অনুরোধ করেন।

**সিদ্ধান্ত:**

১৫। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক) সামাজিক নিরাপত্তা কর্মসুচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির ১৬তম সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়;

খ) সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত সিঙ্গেল রেজিস্ট্রি MIS প্রতিষ্ঠার লক্ষ্যে করণীয় বিষয়ে আলোচনার জন্য এ সংক্রান্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহকে নিয়ে যথাশীঘ্র একটি সভা আয়োজন করা হবে।

গ) সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতা প্রদানের ক্ষেত্রে আবশ্যিকভাবে উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হয়।

ঘ) সামাজিক নিরাপত্তা উপকারভোগীদের মধ্যে যে সকল ব্যক্তি দারিদ্র্য সীমা থেকে উত্তরণ করেছেন, তাদের পরিবর্তে নতুন উপকারভোগী প্রতিস্থাপনের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

ঙ) NSSS এর আলোকে সামাজিক নিরাপত্তার পরিবীক্ষণ ও মূল্যায়ন (M&E) কার্যক্রম চলমান রাখার জন্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ, থিমেটিক ক্লাস্টার এবং এ সংক্রান্ত পরিবীক্ষণ ও মূল্যায়ন (M&E) কমিটিকে অনুরোধ করা হয়।

চ) চলমান পরিবীক্ষণ ও মূল্যায়ন (M&E) ফ্রেমওয়ার্ক-টি নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ছ) প্রস্তাবিত সামাজিক নিরাপত্তা সম্মেলন এবং নলেজ ফেয়ারটি এবছর জুলাই মাসের শেষ সপ্তাহ অথবা সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগকে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

জ) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়-কে তাদের কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট থিমেটিক ক্লাস্টারে অন্তর্ভুক্ত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

১৬। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করা হয়।

মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব